H.S.C. Result

দৈনিক সংবাদ

তারিখ 14 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 5

# উচ্চ মাধ্যমিক পরীক্ষার ১ম দিনে ঢাকা বোর্ডে ১ জন শিক্ষক ও ৬১ জন ছাত্র বহিষ্কৃত

(নিজস্ব বার্তা পরিবেশক)

উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনে গতকাল শনিবার ঢাকা বোর্ডের অধীন বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে ৬১ জন ছাত্র ও ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত ছাত্রসংখ্যা ও কেন্দ্রগুলো নিম্নরূপ : সোনারগাঁ কলেজ কেন্দ্র ১৫ জন, হাতিরদিয়া কলেজ কেন্দ্র ৪ জন, গোপালগঞ্জ জেলার ৭টি পরীক্ষা কেন্দ্র ১৫ জন, সিংগাইর কলেজ কেন্দ্র ১ জন,

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## উচ্চ মাধ্যমিক পরীক্ষা

(১ম পাতার পর)

ফরিদপুর জেলার ৫টি কেন্দ্র ১৮ জন, কাপাসিয়া কেন্দ্র ৭ জন, তিতুমীর কলেজ কেন্দ্র ১ জন ও টংগী কলেজ কেন্দ্রে ১ জন। এছাড়া মুকসুদপুর কলেজ কেন্দ্র থেকে ১ জন শিক্ষককেও বহিষ্কার করা হয়।

### যশোর বোর্ডের ৬৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত

যশোর থেকে জেলা বার্তা পরিবেশক ফোনে জানান, এইচ এসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল শনিবার যশোর বোর্ডের ৯টি কেন্দ্র থেকে ৬৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রয়েছে যশোর এমএম কলেজ ৮, সিটি কলেজ ৬, ঝিনাইদহ কেসি কলেজ ৯, নওয়াপাড়া কলেজ ২, কুষ্টিয়া কলেজ ৯, বরিশাল কলেজ ১০, সাতক্ষীরা কালিগঞ্জ কলেজ ১১, কলারোয়া কলেজ ৫ ও ঝিকরগাছা কলেজের ৫ জন।

### রাজশাহী বোর্ডের ২২৭ জন বহিষ্কৃত

রাজশাহী থেকে নিজস্ব সংবাদদাতা এক তারবার্তায় জানান, গতকাল শনিবার শান্তিপূর্ণ পরিবেশে রাজশাহী বোর্ডের এইচ এস সি পরীক্ষা শুরু হয়। দু' একটি পরীক্ষা কেন্দ্রে ছোটখাট অঘটন ঘটেছে। নকল করার দায়ে মোট ২২৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।